দৈনিক সংবাদ

তারিখ ...23 NOV. 1996..
পৃষ্ঠা 2 কলাম 8

কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কর্মশালা

# নয়া শিক্ষানীতি প্রণয়ন করা হবে ঐকমত্যের ভিত্তিতেঃ শিক্ষামন্ত্রী

( বিশ্ববিদ্যালয় সংবাদদাতা )

শিক্ষামন্ত্রী এ, এস, এইচ, কে সাদেক বলেছেন, ডঃ কুদরাত-ই-খুদা শিক্ষা কমিশনের রিপোর্টের আলোকে নতুন শিক্ষানীতি প্রণয়ন, আমাদের রাজনৈতিক অঙ্গীকার। যেকোন মূল্যে আমাদের অঙ্গীকার পালন করব। তবে ডঃ খুদা যে আর্থ-সামাজিক ও রাজনৈতিক পরি-স্থিতিতে শিক্ষানীতি প্রণয়ন করেছিলেন গত ২২ বছরে তার অনেক পরিবর্তন হয়েছে। তাই ডঃ খুদার নীতিকে ভিত্তি করে এমন একটা কার্যকরী নীতিমালা প্রণয়ন করা হবে যা হবে সময়োপযোগী এবং বাস্তবায়নযোগ্য। তিনি বলেন, ডঃ খুদার নীতিমালার আলোকে যে নীতিমালাই প্রণয়ন করা হোক না কেন, আমরা কোন দলীয় শিক্ষানীতি প্রণয়ন করব না। শিক্ষানীতি প্রণয়ন করা হবে সকলের পরামর্শ এবং জাতীয় ঐকমত্যের ভিত্তিতে।

'বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি' আয়োজিত 'ডঃ খুদা কমিশনের রিপোর্টের আলোকে আমাদের শিক্ষাব্যবস্থা' শীর্ষক জাতীয় 'শিক্ষা কর্মশালায় প্রধান অতিথির ভাষণে গতকাল, শুক্রবার তিনি একথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি অডিটরিয়ামে অনুষ্ঠিত এ কর্মশালায় আরো বক্তৃতা করেন স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী সৈয়দ আবুল হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ এ, কে আজাদ চৌধুরী, জাতীয় বিশ্ববিদ্যা-লয়ের উপাচার্য অধ্যাপক আমিনুল ইসলাম, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম, আমিনুল ইসলাম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান, অধ্যাপক রঙ্গলাল সেন, মোঃ শাহজাহান এবং সভাপতিত্ব করেন ডঃ ম আখতারুজ্জামান।

দিনব্যাপী কর্মশালায় 'বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা - নীতিমালা' পর্বে সভা-পতিত্ব করেন অধ্যাপক কবীর চৌধুরী। প্রবন্ধ পাঠ করেন অধ্যাপক ডঃ অজয় রায়। আলোচনা করেন, অধ্যাপক ডঃ আনিসুজ্জামান, অধ্যক্ষ সৈয়দা শামসে আরা হোসেন, অধ্যাপক শফিউল আলম, অধ্যাপক রিয়াজুল ইসলাম ও অধ্যাপক রণজিত কুমার দে।

'বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা; পাঠ্যসূচি ও করিকুলাম' শীর্ষক আলোচনায় অধ্যাপক ডঃ মমতাজুর রহমান তরফদারের সভাপতিত্বে মূল প্রবন্ধ পাঠন করেন ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারী। আলোচনা করেন, অধ্যাপক ডঃ সনজিদা খাতুন অধ্যাপক মেহের মকবুলা, অধ্যাপক এম, এ বারী, অধ্যাপক মনির হোসেন।

'শিক্ষকদের চাকরিবিধি' পর্বে সভা-পতিত্ব করেন অধ্যাপক ডঃ রঙ্গলাল সেন এবং মূল প্রবন্ধ পাঠ করেন অধ্যাপক শফিকুল মাওলা। আলোচনা করেন অধ্যাপক সিরাজুল হক আলো, অধ্যাপক ডঃ আ, আ, ম, স আরেফিন সিদ্দিক, অধ্যক্ষ কাজী ইমদাদুল হক প্রমুখ।

অর্থায়ন বিষয়ক আলোচনায় সভাপতিত্ব করেন অধ্যাপক ডঃ মোজাফফর আহমেদ এবং মূল প্রবন্ধ পাঠ করেন অধ্যাপক ডঃ এ, টি, এম জহুরুল হক। আলোচনা করেন অধ্যাপক ডঃ খন্দকার বজলুল হক, ডঃ কাজী ফরুক আহমেদ, অধ্যাপক মাহবুব আলম প্রমুখ।

এই পর্যালোচনার ভিত্তিতে নয়া শিক্ষানীতির খসড়া প্রণয়ন করা হয়। পরবর্তীতে এই খসড়া চূড়ান্ত করে শিক্ষা মন্ত্রণালয়ে পেশ করা হবে।

অধ্যাপক যতীন সরকার, অধ্যক্ষ আবদুল হালিম চৌধুরী, অধ্যক্ষ মনির আহমেদ, অধ্যাপক সমরেন্দ্র নাথ রায় ও অধ্যাপক নজরুল মজিদ বেলাল।

'পরীক্ষা পদ্ধতি ও মূল্যায়ন' পর্বের সভাপতিত্ব করেন অধ্যক্ষ মোঃ হানিফ এবং মূল প্রবন্ধ পাঠ করেন অধ্যক্ষ মোঃ শাহজাহান। আলোচনা করেন উপাধ্যক্ষ মোঃ ইলিয়াস খান, অধ্যাপক হুসনে আরা,